দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ২

শামীম ছিনতাইয়ে প্রধানমন্ত্রী ক্ষুব্ধ ■ তদন্তের নির্দেশ

অরাজক পরিস্থিতি সৃষ্টির পাঁয়তারা চলছে

জনকণ্ঠ রিপোর্ট

দেশের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে প্রধানমন্ত্রী গভীরভাবে উদ্বিগ্ন। গতকাল সোমবার স্বরাষ্ট্রমন্ত্রী ও নবনিযুক্ত স্বরাষ্ট্র সচিবের সঙ্গে আলোচনাকালে তিনি এ উদ্বেগ প্রকাশ করেন। ঢাকা ভার্সিটিতে পুলিশের হাত থেকে ছাত্রলীগের এক নেতাকে ছিনিয়ে নেয়ার ঘটনায় তিনি অসন্তোষ প্রকাশ করেছেন। তিনি এ ঘটনা তদন্তের নির্দেশ দিয়েছেন। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, বাজারে জিনিসপত্রের দাম স্থিতিশীল রাখার জন্যও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজর রাখতে বলা হয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটিয়ে এবং বাজারে কৃত্রিম সঙ্কটের মাধ্যমে দেশে একটি অরাজক পরিস্থিতি সৃষ্টির পাঁয়তারা হচ্ছে বলে সরকারী নীতি-নির্ধারক মহল আশঙ্কা করছেন। এর প্রেক্ষিতে সরকার পাল্টা ব্যবস্থা নিতে যাচ্ছে। প্রধানমন্ত্রী গতকাল বাণিজ্যমন্ত্রী ও বাণিজ্য সচিবের সঙ্গেও এ বিষয়ে বিস্তারিত কথা বলেছেন। তাঁদেরকে বলা হয়, সংসদে জাতীয় বাজেট পেশের পরও বাজারে জিনিসপত্রের দাম মোটামুটি স্থিতিশীল আছে। কিন্তু বাজেট পাস হবার পর পরই কৃত্রিম সঙ্কট সৃষ্টি করে কোন কোন মহল বাজার অস্থিতিশীল করার ষড়যন্ত্রে লিপ্ত আছে।

সূত্র জানায়, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানো এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সঙ্কট সৃষ্টির অপচেষ্টার বিষয়ে বিশেষ গোয়েন্দা সংস্থার রিপোর্ট পাবার সঙ্গে সঙ্গে সরকার সতর্ক হয়েছে। প্রধানমন্ত্রী ব্যক্তিগতভাবে এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করেছেন।

সূত্র জানায়, ঢাকা ভার্সিটিতে পুলিশের হাত থেকে ছাত্রলীগ নেতাকে ছিনিয়ে নেয়ার ঘটনায় সরকারের

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

অরাজক পরিস্থিতি

(প্রথম পাতার পর)

ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে বলে প্রধানমন্ত্রী মনে করেন। এর জন্য পুলিশের কোন দুর্বলতা ছিল কি না তা তলিয়ে দেখা হচ্ছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধতন কর্তৃপক্ষকে প্রধানমন্ত্রী বলেছেন, দলমত নির্বিশেষে সন্ত্রাসীদের বিরুদ্ধে অভিযান চালানোর বিষয়ে সরকারের দৃঢ় অবস্থানকে ওই ঘটনা দারুণভাবে খাটো করেছে। এ ঘটনায় যাতে পুনরাবৃত্তি না হয় তার জন্যও তিনি তাদেরকে সতর্ক করে দিয়েছেন।